

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ২২, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

শাখা : অবা-৩

আদেশ

তারিখ : ৯ই মাঘ, ১৪০৯ বঙ্গাব্দ/২২শে জানুয়ারি, ২০০৩ খ্রিস্টাব্দ

নং এস, আর, ও ১৭—আইন/২০০৩—যেহেতু Essential Commodities Act, 1957 (Act III of 1957), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর Schedule এর অনুচ্ছেদ (iii) এ বর্ণিত Petroleum and petroleum products একটি অত্যাৱশ্যকীয় পণ্য বা essential commodity; এবং

যেহেতু সরকার এই মর্মে মত পোষণ করে যে, উক্ত Act এর section 3(1) এর বিধান অনুসারে উক্ত অত্যাৱশ্যকীয় পণ্য দেশের বিভিন্ন স্থানে সমতাভিত্তিক বিতরণ এবং ন্যায্যমূল্যে প্রাপ্তি নিশ্চিতসহ উহার উৎপাদন, চলাচল, পরিবহন এবং বিক্রয়ের উপর নিয়ন্ত্রণ আরোপ করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু উক্ত Act এর section 4A তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার দেশের সকল জেলা প্রশাসককে উক্ত Act এর section 3 এর অধীন উহার যে কোন বা সকল ক্ষমতা প্রয়োগের জন্য এতদ্বারা ক্ষমতা অর্পণ করিল।

২। এই আদেশ জারীর তারিখ হইতে পরবর্তী ০৬ (ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

এম গোলাম মোস্তফা

উপ-সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,

শ্রেজর্গাও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(২৩১)

মূল্য : টাকা ১.০০